

পাসের হার ৩২.৩৮

চতুর্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফল প্রকাশ

যায়যায় রিপোর্ট

বিস্তারিত ফল	বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
পৃষ্ঠা ৭-১৪	

(এনটিআরসিএ) কর্তৃক আয়োজিত বেসরকারি নিয়ম আধা মিক ও নাধা মিক বিদ্যালয়, কলেজ, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মজলসা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক, প্রভাষক, প্রদর্শক, শরীর চর্চা শিক্ষক, ট্রেড ইন্সট্রাকটর, জুনিয়র ট্রেড ইন্সট্রাকটর পদে নিয়োগের যোগ্যতা যাচাইয়ের চতুর্থ পর্বের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। গত বছরের ৫ ও ৬ ডিসেম্বর অনুষ্ঠিত এ পরীক্ষায় ৭৮টি বিষয়ে ৯৬ হাজার ২৭ পরীক্ষার্থী অংশ নেন। তাদের মধ্যে পাস করেছেন ৩১ হাজার ৯৩ জন। সব বিভাগ মিলিয়ে পাসের হার ৩২ দশমিক ৩৮। ফলাফল এনটিআরসিএর **২২/২৬**

চতুর্থ শিক্ষক নিবন্ধন

(প্রথম পৃষ্ঠার পর)

ওয়েবসাইট www.ntorca.gov.bd তে পাওয়া যাবে।

এবারের পরীক্ষায় মূল পর্যায়ে ৪৬টি বিষয়ে ৫৪ হাজার ৯৯২ পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ১৭ হাজার ৭২৭ জন। পাসের হার ৩২ দশমিক ২৪। কলেজ পর্যায়ে ৩২টি বিষয়ে ৪১ হাজার ৩৫৫ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ১৩ হাজার ৩৬৬ জন। পাসের হার ৩২ দশমিক ৫৭। গতকাল এনটিআরসিএর এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রার্থী কর্তৃক পূরণকৃত নিম্নলিখিত স্থান করে প্রাপ্ত তথ্যসমূহ

প্রবেশপত্রে প্রার্থীর নাম, পিতার নাম ব্যবহার করা হয়েছে এবং একই তথ্য উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেটেও ব্যবহার করা হবে। প্রবেশপত্রে প্রার্থীর নাম বা পিতার নামের স্থানে বা অন্য কোনো তথ্য ভুল থাকলে তা প্রার্থীর প্রবেশপত্রের ফটোকপিতে লাল কালি দ্বারা সংশোধন করে ১৯ মার্চের মধ্যে হাতে হাতে বা ডাকযোগে এনটিআরসিএর অফিসে পৌঁছাতে হবে। এনটিআরসিএর অফিসের ঠিকানা: এনটিআরসিএ, ২/১৯/১০ ক্যান্টন, একাডেমিক ভবন, ধানমন্ডি, ঢাকা-১২০৫।